দৈনিক ইত্তেফাক

তারিখ 02 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

### সৃজনশীল প্রশ্ন নিয়ে উদ্বেগ

# প্রেসক্লাবের সামনে শিক্ষার্থীদের অবস্থান

■ ইত্তেফাক রিপোর্ট

পাবলিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন নিয়ে শিক্ষার্থী, অভিভাবক ও বিশেষজ্ঞদের উদ্বেগ আরো বেড়েছে। আগামী বছর থেকেই এসএসসি ও এইচএসসি পরীক্ষায় দুই ঘণ্টা ২০ মিনিটে সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর লিখতে হবে। এতদিন যেখানে দুই ঘণ্টা ১০ মিনিটে ছয়টি সৃজনশীল প্রশ্নের উত্তর দেয়া নিয়েই ছিল আপত্তি। এখন আবার প্রশ্নের সংখ্যা বৃদ্ধি হলেও সে অনুযায়ী সময় না বাড়ায় রাজধানীর নামি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে সর্বত্রই স্কুল-কলেজে ছড়িয়ে পড়েছে অসন্তোষ। উদ্বিগ্ন অভিভাবকরাও।

এমন পরিস্থিতিতে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এখন আন্দোলনে। গতকাল শনিবারও শিক্ষার্থীরা রাজধানীর প্রেসক্লাবের রাস্তা বন্ধ করে সরকারি এ সিদ্ধান্তের প্রতিবাদ জানায়। আন্দোলনকারী শিক্ষার্থীরা বলছেন, সরকার এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বহুনির্বাচনী বা এমসিকিউ অংশে নম্বর কমিয়ে সৃজনশীল অংশে বাড়িয়েছে। আগে যেখানে সৃজনশীল অংশে ছয়টি প্রশ্ন থাকত। সেখানে এবার আরো একটি প্রশ্ন বাড়ানোর সিদ্ধান্ত হয়েছে। পরীক্ষার জন্য যে সময় নির্ধারণ করা হয়েছে তাতে তারা সাতটি প্রশ্নের উত্তর দিতে পারবেন না। এ জন্যই গতবারের সিদ্ধান্তই বহাল চায় শিক্ষার্থীরা।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল বেলা ১১টার দিকে রাজধানীর শাহবাগে অবস্থান নেয় শিক্ষার্থীরা। এরপর সেখান থেকে তারা জাতীয় প্রেসক্লাবের সামনে গিয়ে অবস্থান নেয়। দুপুর ১২টার পর থেকে প্রেসক্লাবের সামনের সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। দুই ঘন্টার বেশি সময় পর আবার যান চলাচল শুরু হয়। আন্দোলনকারীরা জানিয়েছে, তারা দাবি মানার জন্য সরকারকে ৪৮ ঘণ্টার সময় বেঁধে দিয়েছেন। যদি দাবি পূরণ না হয় তাহলে আগামী মঙ্গলবার থেকে লাগাতার কর্মসূচি দেওয়া হবে।